# সকলি গরল ভেল

একই কম্বলের নিচে বসবাস। ভাবি বড় চেনা
প্রতিটি রাতের মত অচেনা সে পাশ ফিরে শোয়
জোছনার দুধে সিক্ত মুখখানি নিজেই শুকোয়
নিজের আঁচল টেনে। মন্থনে ছড়ায় শাদা ফেনা।

পৃথিবীর প্রতিরূপ। বালিশে ছড়িয়ে কেশরাশ
নিশ্বাসের নোনাশব্দে চেতনাচেতন যেন কাঁপে
কাঁপে খাট, ঠাটবাট মৃদু উষ্ণ দেহের উত্তাপে
ঘর্মাক্ত পৌষ দেখে দেহ মাত্র নিশ্বসিত লাশ।

কাকে তুমি প্রেম বলো? কি জিনিস মনের পিরিতি
মায়া কায়া হায়া লজ্জা বল তবে কোথায় বিরাজে?
কোথায় প্রেমের শিরা, এত ঘাম স্তনের দেরাজে?
তাহলে উৎস নেই দেহে নেই প্রেমের কোনো স্মৃতি।

হাতড়াও, আঁচড়াও হে ক্ষুধার্ত দেহ খুঁড়ে ফেল
তবু তো মেটেনা দাহ রে বরাহ
‘সকলি গরল ভেল’।

আল মাহমুদ

সৃষ্টিসন্ধান